নিয়োগ বিজ্ঞপ্তি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) একটি স্বাধীন, দলীয় রাজনীতিমুক্ত এবং অলাভজনক বেসরকারি প্রতিষ্ঠান। দুর্নীতিমুক্ত বাংলাদেশের প্রত্যয়ে টিআইবি দেশের ৪৫টি অঞ্চলে নাগরিক বিশেষ করে তরুণদের মাঝে দুর্নীতিবিরোধী সচেতনতা তৈরি, দক্ষতা বৃদ্ধি এবং সক্রিয় অংশগ্রহণের মধ্য দিয়ে দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন জোরদার করতে কাজ করছে। টিআইবির গবেষণা ও অধিপরামর্শ কার্যক্রমের অংশ হিসেবে তথ্য নিবন্ধন, বিশ্লেষণ ও রিপোর্ট প্রস্তুতকরণে সহযোগিতার জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে স্বল্প মেয়াদে ডেটা অ্যাসিস্ট্যান্ট (আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন) পদে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহবান করা হচ্ছে।

পদের নাম: ডেটা অ্যাসিস্ট্যান্ট (আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন)

পদের সংখ্যা: ২০

মেয়াদ: সর্বোচ্চ ০৩ মাস

দায়িত্বাবলী:

- সুনির্দিষ্ট তথ্যাবলী ডিজিটাল পদ্ধতিতে ও ডিজিটাল মাধ্যমে নিবন্ধন (এন্ট্রি) করা;
- নিবন্ধিত তথ্যাবলি যাচাই-বাছাই এবং প্রয়োজনীয় সংশোধন করা;
- নিবন্ধিত তথ্যাবলির ভিত্তিতে রিপোর্ট প্রস্তুতে সহায়তা করা;
- অন্যান্য ডেটা নিবন্ধন করা;
- পিডিএফ ডকুমেন্ট থেকে ডেটা ও তথ্য প্রস্তুত এবং নিবন্ধন করা; এবং
- কর্তৃপক্ষ প্রদত্ত যেকোনো কার্যাবলী সম্পাদন করা।

আবেদনের যোগ্যতা:

- আবেদনকারীকে কমপক্ষে স্নাতক বা সমমান ডিগ্রিধারী হতে হবে, স্নাতকোত্তর বা সমমান ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ অথবা জিপিএ ২.০ এর কম (এসএসসি/এইচএসসি) এবং সিজিপিএ ২.৫ এর কম (স্নাতক / স্নাতকোত্তর) গ্রহণযোগ্য নয়;
- আবেদনকারীর নিজস্ব ল্যাপটপ থাকতে হবে এবং ডেটা এন্ট্রির কাজের জন্যে ল্যাপটপ নিয়মিত অফিসে নিয়ে আসতে হবে;
- পূর্বে ডাটা এন্ট্রির কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে;
- আবেদনকারীকে বাংলা টাইপিংয়ে (অভ্র ও বিজয়) পারদর্শী হতে হবে;
- পেশাদারিত্ব, শোভন বাচনভঙ্গি, যোগাযোগ দক্ষতা, নিয়মানুবর্তীতা, কাজের প্রতি একনিষ্ঠতা থাকতে হবে; এবং আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর।

ডেটা অ্যাসিস্ট্যান্ট হিসেবে দায়িত্ব পালনের বিশেষ শর্তাবলি:

- টিআইবির মূল্যবোধ ও নৈতিক আচরণবিধি আবশ্যিকভাবে পালন করতে হবে;
- নিয়োগপ্রাপ্ত হলে অবশ্যই ০৩ মাসের জন্য দায়িত্ব পালনের মানসিক প্রস্তুতি থাকতে হবে;
- কর্মরত অবস্থায় টিআইবি' র কোনো ধরনের আচরণবিধি লঙ্ঘন বা দায়িত্বে অবহেলা করলে অভিজ্ঞতার সনদ পাবেন না; এবং
- তিন মাসের পূর্ণ মেয়াদ সম্পন্ন না করলে ডেটা অ্যাসিস্ট্যান্ট হিসেবে সনদপত্র প্রদান করা হবে না।

কর্মস্থল ও অফিস সময়সূচি:

- কর্মস্থল - ধানমন্ডিস্থ টিআইবির প্রধান কার্যালয়; এবং
- কর্মঘন্টা - রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ০৯টা থেকে বিকেল ০৫টা।

ভাতা ও প্রাসঙ্গিক বিষয়াদি:

- মাসিক ভাতা ২৪,২৩৯ টাকা (চব্বিশ হাজার দুইশত উনচল্লিশ টাকা মাত্র); এবং
- মোবাইল ফোনের বিল বাবদ মাসিক ভাতা ৩০০ টাকা।

আবেদনের শেষ তারিখ: ২৪ নভেম্বর ২০২৫